River Research Institute

নদী গবেষণা ইনস্টিটিউট
পানি সম্পদ মন্ত্রণালয়
ফরিদপুর-৭৮০০, বাংলাদেশ
ফোন: +৮৮০২৪৭৮৮০৩০০৭, **ই-মেইল**: dg@rri.gov.bd, **ওয়েবসাইট**: www.rri.gov.bd

স্মারক নং-৪২.০৩.০০০০.০০০.৫০৫.৯৯.০০০২.২৫-৯৩৪ তারিখ: ২৯/১০/২০২৬খ্রি.

ইন্টার্নশিপ আহ্বান বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর আলোকে নদী গবেষণা ইনস্টিটিউটে প্রতি ৩(তিন) মাসে ০৬ (ছয়) জনকে ইন্টার্নশিপ প্রদান করা হচ্ছে। এর-ই ধারাবাহিকতায় জানুয়ারি-মার্চ/২০২৭ এবং এপ্রিল-জুন/২০২৭ মেয়াদে ২(দুই) ব্যাচে ১২(বার) জনকে ইন্টার্নশিপ প্রদান করা হবে। আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

০১। যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নদী গবেষণা ইনস্টিটিউটের কাজের সাথে সম্পৃক্ত (যথাঃ পুরকৌশল, যন্ত্রকৌশল, পানি সম্পদ কৌশল, রিভার ইঞ্জিনিয়ারিং, হাইড্রোলিক্স, হাইড্রোলজি, এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং, গণিত, ফলিত গণিত, তড়িৎকৌশল, কৃষি প্রকৌশল, পদার্থবিদ্যা, ফলিত পদার্থবিদ্যা, মৃত্তিকা বিজ্ঞান, রসায়ন, প্রায়োগিক রসায়ন, কেমি কৌশল, সমুদ্রবিজ্ঞান, ভূগোল, ভূতত্ত্ব, পরিবেশ বিজ্ঞান, ক্লাইমেট চেঞ্জ) বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা বর্ণিত পরীক্ষায় অবতীর্ণ (Appeared) হতে হবে। অবতীর্ণ প্রার্থীদের পরীক্ষায় অবতীর্ণ মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে এবং আবেদনকারীগণকে সংশ্লিষ্ট বিষয়ে সর্বশেষ পরীক্ষায় সিজিপিএ গ্রেড ৪.০০ স্কেলে নুন্যতম ৩.২৫ থাকতে হবে ।

০২। আবেদনের যোগ্যতাঃ

(ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে,

(খ) স্নাতক/স্নাতকোত্তর/সমমান ডিগ্রি অর্জনের ০২ (দুই) বছরের মধ্যে আবেদন করতে হবে, এবং

(গ) নদী গবেষণা ইনস্টিটিউট এর অধীনে একজন প্রার্থী শুধু একবার ইন্টার্নশিপ করতে পারবেন।

০৩। কোনো আবেদনকারী অন্য কোনো কর্মে নিয়োজিত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে।

০৪। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুচ্ছেদ ১২ (গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে একটি ঘোষনাপত্র ও ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।

০৫। ইন্টার্নশিপের জন্য সরকারি বিধি অনুযায়ী প্রত্যেককে মাসিক ১০(দশ) হাজার করে ইন্টার্নশীপ ভাতা প্রদান করা হবে (এতদব্যতীত অন্য কোনো ভাতা/সুবিধা প্রাপ্য হবেন না)।

০৬। ইন্টার্নশিপ চলাকালীন সময়ে নির্বাচিত ইন্টার্নগণ সুপারভাইজার এর নির্দেশনামতে কাজ করবেন এবং নদী গবেষণা ইনস্টিটিউট এর বিদ্যমান ল্যাব সুবিধাদি ব্যবহার করতে পারবেন (প্রাপ্যতা সাপেক্ষে)।

০৭। সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর সনদ প্রদান করা হবে।

০৮। মৌখিক বা লিখিত পরীক্ষা নদী গবেষনা ইন্সটিটিউট, ৭২ গ্রীন রোড, ঢাকা অফিসে অনুষ্ঠিত হবে এবং উক্ত পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯। ইন্টার্নশিপ সমাপনান্তে প্রার্থী নদী গবেষণা ইনস্টিটিউটে নিয়োগ প্রাপ্তির দাবি করতে পারবেন না।

১০। নির্বাচিত প্রার্থীকে অফিস ব্যবস্থাপনা ও সরকারি গোপনীয়তা সংক্রান্ত দেশে প্রচলিত সকল আইন ও বিধিবিধান প্রতিপালন করে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।

১২। আবেদনকারীর দাখিলকৃত তথ্যাদি যাচাই-বাছাই শেষে পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত প্রার্থীগণের তালিকা আগামী ০৬/১২/২০২৬ খ্রি. তারিখে www.rri.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

চলমান পাতা - ১/২

১৩। প্রাথমিক বাছাইয়ের পর সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক বা উভয় প্রকার পরীক্ষায় অংশগ্রহন করতে হবে।

১৪। লিখিত বা মৌখিক পরীক্ষার তারিখ ও সময় প্রার্থীর ই-মেইল/মোবাইল ফোনে জানানো হবে বা ওয়েবসাইটে প্রকাশ করা হবে। মৌখিক বা লিখিত পরীক্ষার সময় পূরণকৃত আবেদনপত্র ও আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রের (শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র, জন্ম সনদ, নাগরিকত্বের সনদ, সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের তিন কপি রঙ্গিন ছবি ইত্যাদি) মূলকপি প্রদর্শনপূর্বক এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

১৫। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর সকল শর্তাবলী প্রযোজ্য হবে।

১৬। ইন্টার্নশিপ প্রদান সংক্রান্ত বিষয়ে যেকোন সিদ্ধান্ত গ্রহণের এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৭। আবেদনের নিয়ম ও সময়সীমা:

আগ্রহী প্রার্থীগণকে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ২৬ নভেম্বর ২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিচের লিংকে প্রবেশ করে অথবা QR Code স্ক্যান করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। নির্দিষ্ট সময়ের পরে অথবা অনলাইন ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

আবেদনের লিংক: https://forms.gle/xDLWCN9rrwgbrCtAA

২৯/১০/২০২৬
রোকনুজ্জামান
মহাপরিচালক

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জনাব মো. মতিয়ার রহমান মন্ডল, পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), হাইড্রলিক রিসার্চ পরিদপ্তর, নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুর।

২। ড. মো. আলাউদ্দীন হোসেন, পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), জিওটেকনিক্যাল রিসার্চ-এর পরিদপ্তর, নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুর।

৩। জনাব মোহাঃ শহীদুল্লাহ কায়সার, সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(**ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ**)।

৪। জনাব আবুল এহছান মিঞা, উপ-পরিচালক ও সদস্য-সচিব, ইন্টার্নশিপ বাছাই কমিটি, নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুর।

৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব ও নিরীক্ষা শাখা, নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুর।

৬। জনাব মোঃ মাসুদুজ্জামান, সহকারী প্রোগ্রামার, নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুর (**ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ**)।

৭। মোছাঃ শামীমা আক্তার, গ্রন্থাগারিক, লাইব্রেরী শাখা, নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুর।

৮। মহাপরিচালকের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, নদী গবেষণা ইনস্টিটিউট।

৯। নোটিশ বোর্ড (সকল)

১০। অফিস কপি/মাস্টার কপি।